খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন

স্মারক নং-খুবি/ইং/১৮/৯৯ তারিখঃ ২৭/০৬/১৮খ্রি.

এম এ ইন ইংলিশ প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক স্কুলের ইংরেজি ডিসিপ্লিনে ০১ (এক) বছর মেয়াদী এম এ ইন ইংলিশ প্রোগ্রামে (শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯) শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে । আবেদনপত্র ও ভর্তির তথ্যাবলী খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ku.ac.bd) ও ইংরেজি ডিসিপ্লিন কার্যালয়ে পাওয়া যাবে। প্রার্থীকে ডাউনলোডকৃত ও স্বহস্তে পূরণকৃত আবেদনপত্রটি ২০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, এমএ ভর্তি কমিটির নামে অগ্রণী ব্যাংক খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয়), দুই কপি ছবি ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ ০১/০৭/২০১৮খ্রি.হতে ১২/০৭/২০১৮খ্রি.তারিখের মধ্যে অফিস চলাকালীন কবি জীবনানন্দ দাশ ভবনস্থ ইংরেজি ডিসিপ্লিন কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

27/6/18

(প্রফেসর ড. আহমেদ আহসানুজ্জামান)
প্রধান, ইংরেজি ডিসিপ্লিন
ও
সভাপতি
এম এ ইন ইংলিশ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০১৮-১৯)
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- ৯২০৮

খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন
এম এ ইন ইংলিশ প্রোগ্রাম (শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯)
ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১। **প্রোগ্রামের মেয়াদ ঃ** ০১ (এক) বছর

২। আসন সংখ্যা ঃ সাধারণ আসন সংখ্যা ৫০(পঞ্চাশ) টি। এছাড়া, মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। ইংরেজি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ প্রার্থীদের জন্য সাধারণ আসনের ৮০% এবং অবশিষ্ট ২০% আসন অন্য শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আগত শিক্ষার্থীদের জন্য বরাদ্দ থাকবে। তবে শর্ত থাকে যে, এই ২০% আসনে যদি যোগ্য প্রার্থী না পাওয়া যায় তাহলে খুলনা বিশ্ববিদ্যালয়ের যোগ্য প্রার্থীদের দ্বারা উক্ত আসনসমূহ পূর্ণ করা হবে। **খুলনা বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার মাধ্যমে এবং অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য নির্বাচন করা হবে।**

৩। **আবেদন করার জন্য যোগ্য প্রার্থী ঃ** ২০15 এবং তৎপরবর্তী বছরসমূহে ইংরেজি-তে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ/ অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্নাতক (সম্মান) পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীদেরকে অবশ্যই ভর্তির সময়ে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র ডিসিপ্লিনে জমা দিতে হবে।

৪। **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ** খুলনা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সি জি পি এ ন্যূনতম ২.২৫/ ন্যূনতম ৪৫ % মার্কস। স্বীকৃত অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ন্যূনতম সি জি পি এ ৩.৫।

৫। **আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট ও সনদপত্রের কপি

খ) পাসপোর্ট সাইজের ২ (কপি) ছবি

৬। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তার সাটিফিকেট ভর্তির সময় দাখিল করতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট ক্লাশ শুরুর তারিখ হতে পরবর্তী ৪ সপ্তাহের মধ্যে দাখিল করা যাবে। অন্যথায় ভর্তি বাতিল হয়ে যাবে।

৭। কবি জীবনানন্দ দাশ একাডেমিক ভবনস্থ ইংরেজি ডিসিপ্লিন কার্যালয় থেকে ভর্তি আবেদনপত্র ও ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহ করা যাবে। খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ku.ac.bd) থেকে ও প্রার্থী আবেদনপত্র ও ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহ করতে পারবেন। ০১/০৭/২০১৮খ্রি. থেকে ১২/০৭/২০১৮খ্রি.পর্যন্ত সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে। প্রার্থীকে উপর্যুক্ত সময়সীমার মধ্যে ডিসিপ্লিন কার্যালয়ে আবেদনপত্রের মূল্য বাবদ =২০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, এমএ ভর্তি কমিটির নামে অগ্রণী ব্যাংক খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয়) প্রদান করতে হবে।

৮। **ভর্তি পরীক্ষা ইংরেজি ভাষা ও সাহিত্য বিষয়ের উপরে অনুষ্ঠিত হবে।**

৯। **ভর্তি সংক্রান্ত তারিখসমূহঃ**

ক) ভর্তি ফরম জমা দেয়ার তারিখ	ঃ ০১/০৭/২০১৮ খ্রি.থেকে ১২/০৭/২০১৮ খ্রি.পর্যন্ত
খ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	ঃ ১৬/০৭/২০১৮ খ্রি.
গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	ঃ ২১/০৭/২০১৮ খ্রি. লিখিত ঃ পরীক্ষা সকাল ৯ঃ৩০টা থেকে ১১ঃ০০টা পর্যন্ত মৌখিকঃ পরীক্ষা সকাল ৯ঃ৩০ মিনিট থেকে শুরু
ঘ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ	ঃ ২২/০৭/২০১৮ খ্রি.
ঙ) সাধারণ আসন থেকে ভর্তি	ঃ ২৩/০৭/২০১৮ খ্রি. সকাল ৯ঃ৩০টা থেকে ১২ঃ০০টা পর্যন্ত
চ) অপেক্ষমান তালিকায় ভর্তির জন্য প্রার্থীদের নিবন্ধন	ঃ ২৩/০৭/২০১৮ খ্রি.সকাল ৯ঃ৩০টা থেকে ১২ঃ০০টা পর্যন্ত
ছ) অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ ২৩/০৭/২০১৮ খ্রি. দুপুর ১ঃ০০টা থেকে বিকাল ৩ঃ০০টা পর্যন্ত
জ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের নিবন্ধন	ঃ ২৩/০৭/২০১৮ খ্রি. দুপুর ১২ঃ০০টা থেকে ২ঃ০০টা পর্যন্ত
ঝ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ ২৩/০৭/২০১৮ খ্রি. দুপুর ২ঃ০০টা থেকে বিকাল ৩ঃ০০টা পর্যন্ত
ঞ) কোর্স রেজিস্ট্রেশন (জরিমানা ব্যতীত)	ঃ ২৫/০৭/২০১৮খ্রি. থেকে ৩০/০৭/২০১৮খ্রি. পর্যন্ত
(জরিমানা সহ)	ঃ ০৩/০৮/২০১৮খ্রি. থেকে ০৫/০৮/২০১৮খ্রি.পর্যন্ত
ট) ক্লাশ শুরু	ঃ ২৯/০৭/২০১৮ খ্রি.

(বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে ভর্তি চূড়ান্ত হবে)

১০। ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিঃ দ্রঃ ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের আবেদন গৃহীত হবে না।

(প্রফেসর ড. আহমেদ আহসানুজ্জামান)
সভাপতি,এম এ ইন ইংলিশ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০১৮-১৯)
ও প্রধান, ইংরেজি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়